রেজিস্টার্ড নং-ডি,এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারী ১০, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

ঢাকা, ২৬ শে মাঘ, ১৩৯৭ / ৯ই ফেব্রুয়ারী, ১৯৯১

এস, আর, ও নং ৬২-আইন/৯১- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে এবং Primary School Teachers Recruitment Rules, 1983 বাতিলক্রমে অস্থায়ী রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ-

১। সংক্ষিপ্ত শিরনাম।-এই বিধিমালা সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ১৯৯১ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা–বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়–

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;
(খ) "কমিটি" অর্থ প্রাথমিক শিক্ষক নির্বাচন কমিটি;
(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;
(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;
(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ কোন পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা;
(চ) "পদ" অর্থ তফসিল উল্লিখিত পদ;
(ছ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;
(জ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড, এবং এই বিধিমালায় উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক, কমিশনের সহিত পরামর্শক্রমে, স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড।

৩। নিয়োগ পদ্ধতি- (১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ দান করা যাইবে, যথা ঃ-

সরাসরি নিয়োগের মাধ্যমে;
পদোন্নতির মাধ্যমে;

কোন পদের জন্য কোন ব্যক্তির প্রয়োজনীয় যোগ্যতা না থাকিলে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তার বয়স উক্ত পদের জন্য তফসিলে নির্ধারিত বয়স সীমার মধ্যে না হইলে তাহাকে উক্ত পদে নিয়োগ করা হইবে না ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, তাহার সর্বোচ্চ

11/07/2014 08:32

বয়স সীমা শিথিলযোগ্য হইবে।

৪। সরাসরি নিয়োগ-(১) কোন ব্যক্তি কোন পদে সরাসরি নিয়োগ লাভের যোগ্য হইবেন না, যদি-

(ক) তাহার নাম প্রাথমিক শিক্ষক নির্বাচন কমিটি কর্তৃক এতদুদ্দেশ্যে প্রণীত তাহার উপজেলা ক্ষেত্রমত, থানা-এর নির্বাচিত প্রার্থীদের মেধা তালিকায় না থাকে;

(খ) তিনি বাংলাদেশের নাগরিক বা স্থায়ী বাসিন্দা না হন;

(গ) বাংলাদেশের নাগরিক নহেন এরূপ কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন।

(২) কোন পদে সরাসরিভাবে নিয়োগ করা যাইবে না, যে পর্যন্ত না–

(ক) উক্ত পদে নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তিকে সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা পর্ষদ বা চিকিৎসা কর্মকর্তা কর্তৃক স্বাস্থ্যগতভাবে উক্ত পদের দায়িত্ব পালনের উপযুক্ত বলিয়া প্রত্যায়ন করেন।

(খ) এইরূপ নির্বাচিত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে প্রতিপাদিত হয় এবং দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিয়োগ লাভের জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৩) কোন ব্যক্তিকে কোন পদ নিয়োগের জন্য মেধা তালিকায় অন্তর্ভুক্ত করা হইবে না, যদি তিনি–

(ক) উক্ত পদের জন্য দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিস প্রদান করিয়া উহাতে উল্লিখিত নির্দেশ মোতাবেক দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ-(১) সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতি দেওয়া যাইবে।

(২) কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হইলে তিনি পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগের যোগ্য হইবেন না।

৬। শিক্ষানবিস-(১) সরাসরি নিয়োগপ্রাপ্ত এবং পদোন্নতিপ্রাপ্ত ব্যক্তিগণের শিক্ষানবিসকাল হইবে যথাক্রমে দুই বৎসর ও এক বৎসর ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া, যে কোন ব্যক্তির ক্ষেত্রে শিক্ষানবিসের মেয়াদ এইরূপে বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে যথাক্রমে দুই বৎসর ও এক বৎসরের অধিক না হয়।

(২) কোন শিক্ষানবিস মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের ব্যাপারে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, তাহার আচরন ও কর্ম সন্তোষজনক নয় এবং তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই তাহা হইলে, নিয়োগকারী কর্তৃপক্ষ–

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, উক্ত চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে তাহাকে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিস মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে উহা সহ, শেষ হওয়ার পর, নিয়োগকারী কর্তৃপক্ষ যদি কোন ব্যক্তি সম্পর্কে–

(ক) এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিস মেয়াদ চলাকালে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে, উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করা যাইবে, এবং

(খ) এই মর্মে সন্তুষ্ট হয় যে, উক্ত মেয়াদ চলাকালে তাহার আচরণ ও কর্মে সন্তোষজনক ছিল না তাহা হইলে, উক্ত

11/07/2014 08:32

কর্তৃপক্ষ–

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না যদি না তিনি সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ কৃতকার্যতার সহিত সম্পন্ন করেন।

৭। সংরক্ষিত কোটা-(১) কোন আইন, এই বিধিমালা, অন্য কোন বিধি বা সরকারী সিদ্ধান্তে যাহা কিছুই থাকুক না কেন;–

(ক) এই বিধিমালার অধীন সরাসরি নিয়োগযোগ্য পদগুলির ৬০% মহিলা প্রার্থীদের দ্বারা এবং অবশিষ্ট ৪০% পদের ২০% পোষ্য প্রার্থীদের দ্বারা এবং বাকী ২০% পুরুষ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে।

(খ) দফা (ক) এ উল্লিখিত মহিলা, পোষ্য এবং পুরুষদের জন্য নির্ধারিত কোটা অনুযায়ী প্রার্থী পাওয়া না গেলে তজ্জনিত শূন্য পদ সংশ্লিষ্ট উপ-জেলা, বা ক্ষেত্রমত, থানা যে জেলায় অবস্থিত সেই জেলার অন্য যে কোন উপজেলা বা, ক্ষেত্রমত, থানার একই শ্রেণীর প্রার্থী দ্বারা পূরণ করা যাইবে, এবং যদি অনুরূপ কোন উপজেলা বা থানায় উক্ত শ্রেণীর প্রার্থী পাওয়া না যায়, তাহা হইলে অন্যান্য জেলার একই শ্রেণীর প্রার্থী দ্বারা উক্ত শূন্য পদ পূরণ করা যাইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত মহিলা ও পুরুষদের কোটা পূরণের ক্ষেত্রে, আপাততঃ বলবৎ অন্য কোন বিধি বা সরকারী সিদ্ধান্তে কোন বিশেষ শ্রেণীর কোটা নির্ধারিত থাকিলে, মহিলা কোটা বাদে সেই কোটা সংক্রান্ত বিধান অনুযায়ী নিয়োগ করিতে হইবে।

ব্যাখ্যা ঃ এই বিধিতে "পোষ্য" অর্থ কোন পদে নিয়োজিত আছেন বা ছিলেন এমন শিক্ষকের অবিবাহিত সন্তান, যিনি উক্ত শিক্ষকের উপর সম্পূর্ণরূপে নির্ভরশীল আছেন বা তিনি জীবিত থাকিলে বা চাকুরীতে থাকিলে সম্পূর্ণরূপে নির্ভরশীল থাকিতেন এবং উক্ত শিক্ষকের তালাক প্রাপ্তা বা বিধবা স্ত্রী বা বিপত্নীক স্বামী যিনি উক্ত শিক্ষকের উপর সম্পূর্ণরূপে নির্ভরশীল ছিলেন বা, ক্ষেত্রমত, তিনি জীবিত থাকিলে অনুরূপভাবে নির্ভরশীল থাকিতেন।

৮। প্রাথমিক শিক্ষক নির্বাচন কমিটি-(১) কোন পদে নিয়োগের সুপারিশ করার জন্য সরকার কেন্দ্রীয়ভাবে প্রাথমিক শিক্ষক নির্বাচন কমিটি নামে একটি কমিটি গঠন করিবেন।

(২) মহা-পরিচালক, প্রাথমিক শিক্ষা, উক্ত কমিটির চেয়ারম্যান হইবেন এবং উহার অন্যান্য সদস্য সংখ্যা সরকার কর্তৃক নির্ধারিত হইবে এবং তাহারা সরকার কর্তৃক নিযুক্ত হইবেন।

(৩) কমিটি প্রত্যেক উপজেলা এবং, ক্ষেত্রমত, থানার জন্য আলাদাভাবে প্রার্থীদের মেধা তালিকা প্রণয়ন করিবেন।

৯। সার্টিফিকেট ইন এডুকেশন-(১) কোন পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির সার্টিফিকেট ইন এডুকেশন প্রশিক্ষণ না থাকিলে নিয়োগ লাভের পর হইতে চার বৎসরের মধ্যে তাহাকে উক্ত প্রশিক্ষণ অথবা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন সমমানের প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে।

11/07/2014 08:32

তফসিল

ক্রমিক নং।	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা	নিয়োগ পদ্ধতি	যোগ্যতা
১	২	৩	৪	৫
১	প্রধান শিক্ষক	২৫-৩৫ বৎসর	৬৫% অগ্রাধিকার ভিত্তিতে সহকারী প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে এবং ৩৫% সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে সহকারী প্রধান শিক্ষকের ক্ষেত্রে উক্ত পদে (তিন) বৎসরের চাকুরী এবং সহকারী শিক্ষকের ক্ষেত্রে সেই পদে ৭ (সাত) বৎসরের চাকুরী ঃ তবে শর্ত থাকে যে, মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সহকারী প্রধান শিক্ষক ও শিক্ষকদের ক্ষেত্রে হাইয়ার সার্টিফিকেট ইন এডুকেশন প্রশিক্ষণ থাকিতে হইবে। সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রাথমিক বা মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকতার ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ব-বিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী ঃ তবে শর্ত থাকে যে, এস, এস, সি হইতে স্নাতক বা সমাধানের পরীক্ষার যে কোন একটিতে দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে।

11/07/2014 08:32

11/07/2014 08:32

তফসিল

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা	নিয়োগ পদ্ধতি	যোগ্যতা
১	২	৩	৪	৫
				এস, এস, সি, হইলে স্নাতকোত্তর বা ইহার সমমানের পরীক্ষার একটিতে দ্বিতীয় বিভাগসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী ।
	২। সহকারী প্রধান শিক্ষক	..	সহকারী শিক্ষক পদ হইতে পদোন্নতির মাধ্যমে	সহকারী শিক্ষক পদে ৪ (চার) বৎসরের চাকুরী।
	৩। সহকারী শিক্ষক	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সরকার কর্তৃক স্বীকৃত কোন শিক্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠান হইতে সার্টিফিকেট ইন এডুকেশন বা সমমানের পরীক্ষার সার্টিফিকেট ঃ তবে শর্ত থাকে যে, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বা উহাদের সমমানের যে কোন একটি পরীক্ষায় ২য় বিভাগ থাকতে হইবে। অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা উহার সমমানের ডিগ্রী।

বাংলাদেশ গেজেট অতিরিক্ত, ফেব্রুয়ারী ১০, ২০১৫

11/07/2014 08:32

তফসিল

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা	নিয়োগ পদ্ধতি	যোগ্যতা
১	২	৩	৪	৫
				মহিলা প্রার্থীদের ক্ষেত্রে কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সরকার কর্তৃক স্বীকৃত কোন শিক্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠান হইতে সার্টিফিকেট ইন এডুকেশন বা সমমানের পরীক্ষার সার্টিফিকেট ঃ তবে শর্ত থাকে যে, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বা উহাদের সমমানের যে কোন একটি পরীক্ষায় ২য় বিভাগ থাকতে হইবে। অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা ইহার সমমানের ডিগ্রী সম্পন্ন। অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে
আ ন ম ইউসুফ
সচিব

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোশফেকার মাহবুবুল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।